

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৬-০৫-২০২৪

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১৩-০৫-২০২৪ থেকে ১৫-০৫-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে:

**১৩ মে:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** হাড়াভাঙ্গা:৩; কুমারগ্রাম, মূর্তি, নাগারকাটা:২; পুন্ডিবাড়ি:১

**১৪ মে:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার):** নেই

**১৫ মে:** পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের উত্তর দিনাজপুর জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে।

**উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) :** বক্রাদুয়ার: ২

**আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) :** উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৫৮ থেকে ৭৪ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৫৩ থেকে ৮৪ শতাংশ।

**সর্বোচ্চ তাপমাত্রা :** উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা পুরুলিয়া তে ১৫ ই মে ৩৯.৩ ডিগ্রি সেলসিয়াস ছিল।

### দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
১৩-০৫-২০২৪	দার্জিলিং, কালিম্পং, মালদা, বালুরঘাট, দমদম, কাঁথি	বহরমপুর, আলিপুর, দীঘা	--	কোচবিহার	জলপাইগুড়ি
১৪-০৫-২০২৪	কালিম্পং, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	--	--	দার্জিলিং	জলপাইগুড়ি, কোচবিহার
১৫-০৫-২০২৪	বহরমপুর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, মালদা, বালুরঘাট,	জলপাইগুড়ি, কোচবিহার

## পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

### ১৬ মে (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৩ দিন, দিনের তাপমাত্রা ধীরে ধীরে ২-৪ ডিগ্রী সেলসিয়াস বাড়বে।

### ১৭ মে (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

### ১৮ মে (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, কোচবিহার, আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

## সতর্কীকরণ:

### ১৬ মে (দিন ১) -

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত তৎসহ ঝোড়ো হাওয়া ( গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাবার সম্ভাবনা আছে।
- ৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।

### ১৭ মে (দিন ২)-

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা আছে।
- ৩) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।

### ১৮ মে (দিন ৩) -

- ১) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।
- ২) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।
- ৩) পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা আছে।
- ৪) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, ঝাড়গ্রাম, পূর্ব বর্ধমান, মুর্শিদাবাদ জেলায় উষ্ণ ও অস্বস্থিকর আবহাওয়ার পরিস্থিতি থাকার সম্ভাবনা আছে।
- ৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহের পরিস্থিতি হওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

*স্বাক্ষরিত*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১৬-০৫-২০২৪